

৭

দৈনিক ইত্তেফাক
দৈনিক ইত্তেফাক

তারিখ ০৭ JUN-1995

পৃষ্ঠা ৩ কলাম ৫

প্রধান শিক্ষকের নামে
বেতন-ভাতা তুলিয়া
আত্মসাতের অভিযোগ
কিশোরগঞ্জ সংবাদদাতা ৥
প্রধান শিক্ষকের নামে সরকারী
অনুদানের মাসিক বেতন ভাতাদি
উত্তোলন করিয়া আত্মসাতের
(৪র্থ পৃ: দ্র:)

প্রধান শিক্ষকের কাছে
(৩য় পৃ: পর)

অভিযোগে জেলা দুর্নীতি দমন
বিভাগ কুলিয়ারচর থানার ফরিদ-
পুর ইউনিয়ন আবদুল হামিদ ভূঞা
উচ্চ বিদ্যালয় কমিটির সহ-সভা-
পতি ও ভারপ্রাপ্ত প্রধান শিক্ষ-
কের বিরুদ্ধে থানায় একটি
মামলা দায়ের করিয়াছে।
সংশ্লিষ্ট অফিসসূত্রে জানা যায়,
১৯৯৪ সনের ১লা ফেব্রুয়ারী
বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুভাষ
চন্দ্র বিশ্বাস অন্যত্র চাকুরী নিয়া
চলিয়া যাওয়ার পরও বিদ্যালয়
কমিটির সহ-সভাপতি মোস্তাফিজুর
রহমান ভূইয়া ও ভারপ্রাপ্ত প্রধান
শিক্ষক সোহরাব উদ্দিন পারস্পরিক
যোগসাজশে প্রধান শিক্ষককে
বিদ্যালয়ে কর্মরত দেখাইয়া ও
তাহার দস্তখত জাল করিয়া ফেব্রু-
য়ারী ৯৪ হইতে মে '৯৪ পর্যন্ত
বেতন-বিল বাবদ মোট ১০ হাজার
৭৩৩ টাকা ৩২ পয়সা ব্যাংক
হইতে উত্তোলন ও আত্মসাৎ
করেন। এ ব্যাপারে অভিযোগ
পাওয়ার পর জেলা দুর্নীতি দমন
বিভাগ প্রাথমিক তদন্ত শেষে গত
২৯শে মে তাহাদের বিরুদ্ধে কুলি-
য়ারচর থানায় একটি মামলা দায়ের
করে।